

জাকসু নির্বাচন

শিক্ষার্থীদের স্বার্থে রায় মেনে নেওয়ার কথা বললেন ছাত্রদলের এজিএস প্রার্থীসহ ৩ জন



জাকসু নির্বাচনে ভোট গণনার সময় তোলা। ছবি: ফোকাস বাংলা

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ১৩ সেপ্টেম্বর ২০২৫ | ১৫:৫৭ | আপডেট: ১৩ সেপ্টেম্বর ২০২৫ | ১৬:১১



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় শিক্ষার্থী সংসদ (জাকসু) নির্বাচনে প্রকাশ্য অনিয়ম ও কারচুপির অভিযোগ থাকলেও শিক্ষার্থীদের স্বার্থে এই রায় মেনে নেওয়ার আন্তর্বান জানিয়েছেন শাখা ছাত্রদল মনোনীত প্যানেলের নারী যুগ্ম সাধারণ সম্পাদক (এজিএস) প্রার্থী আঞ্জুমান ইকরা, সহকারী সম্পাদক রংহুল আমীন সুইট এবং কার্যকরী সদস্য পদপ্রার্থী হামিদুল্লাহ সালমান।

শুক্রবার বিকেলে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুক পোষ্টে ইকরা এ কথা জানান। এর আগে দুপুরে একইভাবে ফেসবুকে জানান রংহুল আমীন সুইট আর সালমান।

ইকরা তার ফেসবুক পোষ্টে লিখেছিলেন, ‘নির্বাচনে জয়-পরাজয়ের উৎৰে সুষ্ঠু ভোটের জন্য আমরা শিক্ষার্থীদের কাছে দায়বদ্ধ ছিলাম। কিন্তু প্রশাসনের প্রকাশ্য অনিয়ম, কারচুপির পরও শিক্ষার্থীদের স্বার্থে এই রায় আমাদেরকে মেনে নিতে হবে।’

সেখানে তিনি আরও উল্লেখ করেন, ‘জাতীয়তাবাদী ছাত্রদল জাকসু নির্বাচনে ভরসার জায়গা থেকে এজিএস হিসেবে নির্বাচিত করে সাধারণ শিক্ষার্থীদের কাছে পৌঁছানোর সুযোগ করে দিয়েছে, এজন্য আমি চিরকৃতজ্ঞ। জাতীয়তাবাদী ছাত্রদলের দ্বায়িত্বশীলদের প্রতি আমার অনুরোধ থাকবে নিজেদের ভুলগুলো পুনর্বিবেচনা করে কীভাবে সামনের দিকে এগিয়ে যাওয়া যায় সেই লক্ষ্যে কাজ করা। আমরা জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সঙ্গে নিয়ে একটা নতুন ক্যাম্পাস বিনির্মাণ করবো ইন-শা-আল্লাহ।’

রংহুল আমীন সুইট ফেসবুকে লেখেন, ‘আদর্শ ও আপোষহীনতা থেকে দূরে সরে না গিয়ে রিয়েলিটি মাইনা নিতে হবে। আপনারা যারা আমার জার্নিতে পাশে ছিলেন তাদের সবার প্রতি চিরকৃতজ্ঞতা।’

এদিকে সালমান তার ফেসবুক পোষ্টে উল্লেখ করেন, ‘জাকসু নির্বাচনে প্রশাসনের অনেক অনিয়ম সত্ত্বেও, শিক্ষার্থীরা যে রায় দেবে সে রায় মেনে নিতে হবে শিক্ষার্থীদের স্বার্থে। জাতীয়তাবাদী ছাত্রদলের প্রতি আমার ব্যক্তিগত অনুরোধ এটা।’